তথ্য শীট
সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয়

সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় (BMS) বলতে এমন সুযোগ সুবিধাকে বোঝায় যা দ্বারা সেই সকল ব্যক্তির জীবিকা এবং দৈনন্দিন চাহিদাসমূহ পূরণ করা হয় যারা আর্থিক সঙ্কটে আছেন এবং নিজেদের সামর্থ্যে (আয় এবং সম্পদ) আর দৈনন্দিন জীবন যাপন করতে পারে না।

নির্বাচিত হবার যোগ্যতা

- কোনো আয় নেই বা খুব কম আয়
- কোনো সম্পদ নেই
- লোয়ার অষ্ট্রিয়াতে মূল বাসভবন
- অস্ট্রিয়াতে স্থায়ীভাবে বসবাসের অধিকার রয়েছে
- কাজ করতে ইচ্ছুক, যতক্ষণ পর্যন্ত কাজে অক্ষমতা নেই
- সমন্বিত হতে ইচ্ছুক (যেমন-জার্মান পাঠ এবং মূল্যবোধ এবং পরিচিতিমূলক কোর্স গ্রহণ করছে)
- প্রাসঙ্গিক নথিসমূহের উপস্থাপন (অনুচ্ছেদ ১ দেখুন)

আবেদন করতে হবে

- জেলা প্রশাসন বা ম্যাজিস্ট্রেট
- বসবাসের স্থানীয় কর্তৃপক্ষ

সিদ্ধান্তের জন্য দায়িত্বপ্রাপ্ত

- জেলা প্রশাসন বা ম্যাজিস্ট্রেট

সুবিধাসমূহ

- অনুমেয় ন্যূনতম প্রয়োজনীয়তা অনুযায়ী অর্থ বা অন্য কোনো বাস্তব সহায়তা প্রদান (অনুচ্ছেদ ২ দেখুন)
- বিগত ছয় বছরের মধ্যে যারা পাঁচ বছরের কম সময় ধরে অস্ট্রিয়ায় বসবাস করে আসছে তাদের জন্য সমন্বিতকরণের সর্বনিম্ন মান প্রযোজ্য (অনুচ্ছেদ ৩ দেখুন)
- ন্যূনতম মানের সকল ব্যক্তির সংখ্যা যারা একই গৃহে বা বাসস্থান ভাগাভাগি করে বসবাস করে তাদের আয় সাধারণত মোট €1500 সীমাবদ্ধ।

- বিধিবদ্ধ স্বাস্থ্য বীমার অনুদান প্রদান
- পুনরায় কাজে প্রবেশকারীদের জন্য বোনাস

পেমেন্ট / স্বাস্থ্য বীমার জন্য আবেদন

- একটি জাতীয় চলতি হিসাবে পেমেন্ট, ব্যতিক্রম ছাড়া
- সুবিধাসমূহ মাসের শেষে স্থানান্তরিত করা হয়
- সোশ্যাল ইন্সুরেন্সেস অব লোয়ার অস্ট্রিয়া-তে শুধুমাত্র আবেদনকারী সরাসরি কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হতে পারবে
  ➔ আবেদনকারীদের পোষ্যদের জন্য অবশ্যই সোশ্যাল ইন্সুরেন্সেস অব লোয়ার অস্ট্রিয়া-তে সহবীমার জন্য আবেদন করতে হবে (এর জন্য সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় কাঠামোর মধ্যে এখনও অনুদান দেওয়া যাবে)।

বাধ্যবাধকতা

- যোগ্যতার কোন পরিবর্তন আসলে জেলা প্রশাসন বা ম্যাজিস্ট্রেটের সাথে দুই সপ্তাহের মধ্যে যোগাযোগ করতে হবে।
  উদাহরণস্বরূপ:
  - আয় বা সম্পদসমূহের পরিবর্তন
  - জীবনযাপন বা পারিবারিক ব্যবস্থাপনার পরিবর্তন
  - অস্ট্রিয়ার আইনগতভাবে বসবাসের পরিবর্তন
  - উপার্জনমূলক চাকরি নেওয়া
  - চিকিৎসা সংস্থা বা হাসপাতালে অবস্থান
  - অন্যান্য অনুপস্থিতিসমূহ যা দুই সপ্তাহের বেশি সময় ধরে বিরাজমান
- তৃতীয় পক্ষসমূহ কর্তৃক দাবীর বিবৃতি (যেমন-রক্ষণাবেক্ষণ, অসুস্থতাজনিত সুবিধাসমূহ)
- কাজ করার সদিচ্ছা
- সীমিত জার্মান জ্ঞানের ক্ষেত্রে জার্মান পড়াশুনায় যোগদান বা কর্ম বাজারে সম্ভাবনাময় উন্নয়ন ঘটানোর জন্য অন্যান্য পদ্ধতিসমূহ (যেমন- সমাজে দাতব্য কাজ)।
- যারা বিগত ৬ বছরের মধ্যে ৫ বছরের কম সময়ের জন্য অস্ট্রিয়ায় বসবাস করছেন তাদের জন্য ন্যূনতম ৮ ঘন্টা মূল্যবোধের উপর কোর্সে এবং পরিচিতিমূলক কোর্সে যোগদান।
- যারা বিগত ৬ বছরের মধ্যে ৫ বছরের কম সময় ধরে অস্ট্রিয়ায় বসবাস করে আসছেন তাদের জন্য A2 লেভেল সহকারে জার্মান ভাষায় জ্ঞান অর্জন।
- যারা বিগত বিগত ৬ বছরের মধ্যে ৫ বছরের কম সময় ধরে অস্ট্রিয়ায় বসবাস করে আসছেন তাদের জন্য সমন্বয়ের চুক্তি সম্পাদন।

বাতিল/কমানো/পরিসমাপ্তি

যারা কাজ করতে অস্বীকৃতি জানিয়েছেন, যারা সমন্বয়ের পদ্ধতিসমূহে অংশগ্রহণ করেননি (জার্মান পাঠ, মূল্যবোধ এবং পরিচিতিমূলক কোর্সসমূহ এবং সমাজকর্ম), সরকারি চাকরি সেবা কোর্স বা এই জাতীয় কর্মকাণ্ডে কোনো ব্যাখ্যা ছাড়া অনুপস্থিত ছিলেন, তাদের ক্ষেত্রে সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় সুবিধাদির আবেদন বাতিল হবে। বিরাজমান সুবিধাদি কমানো বা রদ করা হবে।

প্রত্যাবর্তন, ক্ষতিপূরণ এবং শাস্তি

নিম্নলিখিত ক্ষেত্রসমূহে, সুবিধাসমূহ ফেরত দিতে হবে এবং শাস্তি প্রয়োগ করা হতে পারে:

- পরিবর্তনের সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানোর কর্তব্য পালন না করা
- মিথ্যা তথ্য প্রদান বা প্রাসঙ্গিক তথ্য প্রকাশ না করা
- নানারকম সম্পত্তিসমূহের তাৎক্ষণিক প্রাপ্তি (যেমন-উত্তরাধিকার)
- উপকারভোগী দ্বারা ক্ষতিপূরণ

সফল চাকরির জন্য পুনরায় কর্ম বাজার বোনাসের সাথে যুক্ত হওয়া

কর্মবাজার বোনাসসমূহের সাথে পুনঃসংযোগ আবেদন তাদের জন্য যারা সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় সুবিধাদি অর্জন করেছে অন্তত পক্ষে ৬ মাসের জন্য কোন প্রতিবন্ধকতা ছাড়া যাদেরকে চাকরিতে নেওয়া হয়েছে (যদিও সীমিতভাবে)।

আবেদন এবং সময়সীমা:

আবেদনের জন্য নিম্নলিখিত দুইটি প্রয়োজনীয় পদক্ষেপ:

১. লাভজনক চাকরিতে যোগদানের সময়, অর্থাৎ কাজে যোগদানের সময়, সংশ্লিষ্ট জেলা প্রশাসন বা ম্যাজিস্ট্রেটকে অবশ্যই দুই সপ্তাহের মধ্যে জানাতে হবে।
২. সর্বশেষে, লাভজনক চাকরি গ্রহণের ৪ সপ্তাহ পর, অর্থাৎ কাজে যোগদানের সময়, কর্মবাজার বোনাস-এ পুনঃসংযোগের জন্য অবশ্যই হয় মৌখিকভাবে যা লিখিতভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসন বা ম্যাজিস্ট্রেট বরাবর আবেদন করতে হবে। লাভজনক চাকরি গ্রহণের বিষয়ে অবহিত করার সময়ও আপনি বোনাসের জন্য আবেদন করা যাবে।

পরিমাণ:

কর্মবাজার বোনাসে পুনঃসংযোগ যোগাযোগের পরিমান নীট আয়ের এক তৃতীয়াংশ (সর্বোচ্চ)। যদি নীট আয় এবং এক ব্যক্তির মানসম্মত ন্যূনতম বোনাস ১৪০% অতিক্রম করে (€1182.24; 2017) কর্ম বাজার বোনাসে পুনঃসংযোগ তদানুযায়ী কমতে থাকবে।

সর্বোচ্চ ১২ মাসের জন্য বোনাস প্রদান করা হয়। অস্থায়ী চাকরির ক্ষেত্রে, চাকরির সময়সীমা অনুসারে বোনাস প্রদান করা হবে।

পরিশিষ্ট ১:

যে-সকল নথিপত্র জমা দিতে হবে:

১. ব্যক্তিগত বিবরণ:

° অফিসিয়াল পরিচয়ের নথিপত্র

° জন্ম সনদ

° নাগরিকত্বের প্রমাণ

° EEA নাগরিকদের জন্য: বিদেশী পুলিশ নিবন্ধনের সনদপত্র

° EEA নয় এমন নাগরিকদের জন্য: বসবাসের অনুমতিপত্র, আশ্রয়ের বিজ্ঞপ্তি

° পাওয়ার অব অ্যাটর্নি (জিম্মাদারি সিদ্ধান্ত, আম মোক্তারনামা, ইত্যাদি)

° বিবাহবিচ্ছেদ ডিক্রী এবং বন্দোবস্তের কপি (প্রতিটির সঙ্গে মেয়াদের বিজ্ঞপ্তি)

২. আয় এবং সম্পদের বিবরণ:

২.১. আয় এবং প্রতিপালন ভাতার বিবরণ:

° মজুরি সনদ বা গত ৩ মাসের জন্য আয় নিশ্চিতকরণ

(এছাড়াও প্রান্তিক কর্মসংস্থানের জন্য)

° পাবলিক এমপ্লয়মেন্ট সার্ভিসের লিখিত নিশ্চিতকরণ

° PVA (পেনশন বীমা), SVA (সামাজিক বীমা), ÖBB (অস্ট্রিয়ান রেলপথ), VAEB (অস্ট্রিয়ান রেলপথ বীমা প্রতিষ্ঠান), BVA (পাবলিক সার্ভিস বীমা কর্পোরেশন), বিদেশী পেনশন ইত্যাদি) থেকে লিখিত নিশ্চয়তা।

° অসুস্থতা ভাতার নিশ্চিতকরণ

° মাতৃত্বকালীন ভাতার নিশ্চিতকরণ / (সম্পূরক) সন্তানের দেখাশোনার ভাতা

° আগাম পেনশন পেমেন্ট নিশ্চিতকরণ

° দুর্ঘটনা ভাতার নিশ্চিতকরণ

° রক্ষণাবেক্ষণ দাবির / খাদ্য ভর্তুকি দাবির প্রমাণ

° ভাড়া এবং / অথবা ঠিকা চুক্তি

° আয় প্রমাণের অন্যান্য ফরম (লাইফ অ্যানুইটি, ইত্যাদি)

° প্রতিপালন ভাতা বিজ্ঞপ্তি

° বিগত ৩ মাসের আয় এবং ব্যয়ের বিস্তারিত বিবৃতি

২.২. সম্পদসমূহের তথ্য

◦ ব্যাংক বিবৃতি (পূর্বের আবেদনের তারিখ থেকে তিন মাসের জন্য)

◦ বীমা পলিসি (অন্ত্যেষ্টিক্রিয়া বীমা পরিকল্পনা, জীবন বীমা, ইত্যাদি)

◦ সঞ্চয়ের বই

◦ দালানকোঠা ঋণ চুক্তি

◦ স্টক ও বন্ড

◦ তহবিল

◦ যানবাহন (গাড়ি, লরি, ট্রাক্টর, ইত্যাদি)

◦ অন্যান্য সম্পদসমূহ (নগদ সম্পদ, ইত্যাদি)

◦ ভূমি নিবন্ধনের প্রতিলিপি

গুরুত্বপূর্ণ নোটিশ

সাহায্যপ্রার্থী কোনো ব্যক্তি তৃতীয় পক্ষের নিকট দাবী আদায়ের জন্য বাধিত থাকবে (পিতামাতা, স্বামী স্ত্রী ইত্যাদি) এবং তৃতীয় পক্ষের নিকট হতে আইনগতভাবে দাবীকৃত অর্থ চাইতে পারবে যতক্ষণ পর্যন্ত এই কাজ নিশ্চিতভাবে অকার্যকর এবং অসাধ্য না হয়, ধরে নেওয়া হয় যে যদি তৃতীয়পক্ষ কর্তৃক প্রদানের জন্য এরুপ চাহিদা পূরণ করা হয়, তাহলে সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় সুবিধাদি প্রদানের প্রয়োজন নেই বা অন্ততপক্ষে এর বর্ধিতকরণেরও দরকার নেই।

৩. এছাড়াও নিম্নলিখিত নথিপত্র জমা দিতে হবে:

৩.১. আরও প্রমাণ:

◦ চাকরিপ্রার্থী হিসেবে নিবন্ধনের নিশ্চিতকরণ

◦ অস্ট্রিয়ান শ্রম বাজার বোর্ড থেকে তত্ত্বাবধান চুক্তি

◦ অস্ট্রিয়ান শ্রম বাজার বোর্ড থেকে সুবিধা প্রত্যাখ্যানের নোটিশ

◦ পেনশন আবেদনের নথিপত্রাদি

◦ রক্ষণাবেক্ষণ আবেদনের নথিপত্রাদি

◦ ডাক্তারের নথিপত্র এবং কার্যক্ষমতার ফলাফল

◦ সামাজিক স্থিতিশীলতার জন্য পদ্ধতির প্রমাণ (জার্মান পাঠ, ইত্যাদি)

◦ স্কুলে উপস্থিতির জন্য লিখিত নিশ্চিতকরণ

৩.২. ভাড়ার জন্য আবাসন খরচ

◦ ভাড়া চুক্তি / সমবায় সমিতি চুক্তি

◦ বর্তমান ভাড়া এবং চলমান খরচের ব্যবস্থা করা

◦ বর্তমান ভাড়া জন্য পেমেন্ট নিশ্চিতকরণ

◦ আবাসন সুবিধার বিস্তারিত বিবরণ

<u>৩.৩. নিজের বাড়িতে খরচ চালানোর প্রমাণ:</u>

◦ দালানকোঠার বীমা (পলিসি)

◦ চিমনি ধোয়ার বিল

◦ আবর্জনা ফেলার বিল

◦ কমিউনিটি চার্জ (পানি / পয়ঃনিষ্কাশন)

পরিশিষ্ট ২:

নূন্যতম মান 2017:

সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় সুবিধা - 2017 সালের ভাড়ার সর্বনিম্ন মানসমূহ			
ব্যক্তির শ্রেণী	**জীবনযাপনের ব্যয়**	**আবাসন সহায়তা**	**মোট**
একক ব্যক্তি / একক অভিভাবক ১০০%	€633.35	€211.11	€844.46
দম্পতি / স্বামী ও স্ত্রী একই বাড়িতে দম্পতি ১৫০%	€950.02	€316.68	€1266.70
সাধারণ পরিবারের মধ্যে আইনগত বয়সের ব্যক্তি ৭৫%	€ 475.01	€158.34	€633.35
বড়দের মধ্যে তৃতীয় বা বয়সে তুলনামূলক ব্যক্তি যারা **একই বাড়ির** বাসিন্দা এবং একই বাড়ির **অন্য ব্যক্তি কর্তৃক রক্ষণাবেক্ষণের** যোগ্য ৫০%	€316.67	€105.56	€422.23
২৩% পারিবারিক ভাতা পাওয়ার অধিকারপ্রাপ্ত **অপ্রাপ্ত বয়স্ক** ব্যক্তি	€145.67	€48.56	€194.23

সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় সুবিধা - 2017 সালের ভাড়ার সর্বনিম্ন মানসমূহ			
ব্যক্তির শ্রেণী	**জীবনযাপনের ব্যয়**	**আবাসন সহায়তা**	**মোট**
একক ব্যক্তি / একক অভিভাবক ১০০%	€633.35	€105.56	€738.91
দম্পতি / স্বামী ও স্ত্রী একই বাড়িতে দম্পতি ১৫০%	€950.02	€158.34	€1108.36
সাধারণ পরিবারের মধ্যে আইনগত বয়সের ব্যক্তি ৭৫%	€475.01	€79.17	€554.18
বড়দের মধ্যে তৃতীয় বা বয়সে তুলনামূলক ব্যক্তি যারা একই বাড়ির বাসিন্দা এবং একই বাড়ির অন্য ব্যক্তি কর্তৃক রক্ষণাবেক্ষণের যোগ্য ৫০%	€316.67	€52.78	€369.45
২৩% পারিবারিক ভাতা পাওয়ার অধিকারপ্রাপ্ত **অপ্রাপ্ত বয়স্ক** ব্যক্তি	€145.67	€24.28	€169.95

সামর্থ্য-পরীক্ষিত ন্যূনতম আয় সুবিধাদি নির্ভর হার সেইসব ব্যক্তিদের জন্য যারা আবাসস্থল প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের কাছে সাহায্যপ্রার্থী তাদের ব্যক্তিগত প্রয়োজন পূরনের জন্য (x 13)	€67.87

সকল ব্যক্তি যারা একত্রে এক বাড়িতে বসবাস করে বা বাসস্থান ভাগাভাগি করে বসবাস করে যার তাদের ন্যূনতম মান **€1500 এর মধ্যে সীমাবদ্ধ**।

ব্যতিক্রম: যারা প্রতিপালন ভাতা পায় বা পারিবারিক ভাতা উত্তোলন করে বা যারা প্রতিনিয়ত কাজে অক্ষম, তাদের ন্যূনতম মান কমানো হবে না।

পরিশিষ্ট ৩:

নূন্যতম মান - একীকরণ:

নূন্যতম মান - একীকরণ			
ব্যক্তির শ্রেণী	**জীবনযাপনের ব্যয়**	**আবাসন সহায়তা**	**মোট**
একক অভিভাবক, ব্যক্তি প্রতি	€522.50	€300.00	€822.50
আইনসিদ্ধ বয়স্ক ব্যক্তি যিনি একা বসবাস করেন বা **অন্য** আইনসিদ্ধ বয়স্ক ব্যক্তির সাথে একই বাড়িতে বাস করেন বা বাসস্থান ভাগাভাগি করে বাস করেন, ব্যক্তি প্রতি	€422.50	€150.00	€572.50
তৃতীয় এবং অন্য ব্যক্তিবর্গের বয়স যারা **একই বাড়িতে** বসবাস করে, ব্যক্তি প্রতি	€422.50	-	€422.50
প্রথম তিনজন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির জন্য যারা **শুধুমাত্র পিতামাতার সাথে বসবাস করে যারা ন্যূনতম মানের ভাতা পায় - একত্রীকরণ,** ব্যক্তি প্রতি	€179.17	-	€179.17
অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য, ব্যক্তি প্রতি	€129.17	-	€129.17

সকল ব্যক্তি যারা একত্রে এক বাড়িতে বসবাস করে বা বাসস্থান ভাগাভাগি করে বসবাস করে যার তাদের ন্যূনতম মান **€1500 এর মধ্যে সীমাবদ্ধ**।

ব্যতিক্রম: যারা প্রতিপালন ভাতা পায় বা পারিবারিক ভাতা উত্তোলন করে বা যারা প্রতিনিয়ত কাজে অক্ষম, তাদের ন্যূনতম মান কমানো হবে না।